গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

www.dshe.gov.bd

নম্বর: ৩৭.০২.০০০০.১১৩.৩৭.০০৩.১৭.৩৭

তারিখ: ১৩ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
২৯ অক্টোবর ২০২৪ খ্রিস্টাব্দ

**পরিপত্র**

বিষয়: **মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের (সরকারি/বেসরকারি স্কুল, কলেজ ও স্কুল এণ্ড কলেজ) Institute Management System(IMS) মডিউলে তথ্য হালনাগাদ সংক্রান্ত।**

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন ন্যূনতম পাঠদান অনুমতিপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহের (সরকারি/বেসরকারি স্কুল, কলেজ ও স্কুল এণ্ড কলেজ) তথ্য ভাণ্ডার হিসেবে অধিদপ্তরের ওয়েব-বেইজড Education Management Information System (EMIS) এর আওতায় Institute Management System (IMS) মডিউল এর তথ্য শিক্ষা ব্যবস্থার বিভিন্ন নীতি নির্ধারণী সিদ্ধান্ত গ্রহণ, শিক্ষার গুণগত মানোন্নয়ন এবং শিক্ষার ক্ষেত্রে স্বচ্ছতা আনয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

IMS-মডিউলে সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানের ২০২৪ সালের তথ্য সকল শিক্ষা প্রতিষ্ঠানের (সরকারি/বেসরকারি স্কুল, কলেজ ও স্কুল এণ্ড কলেজ) প্রধানগণকে আগামী ১৫-১১-২০২৪ তারিখের মধ্যে হালনাগাদ করার জন্য অনুরোধ করা হল। তথ্য হালনাগাদ করার জন্য emis.gov.bd ওয়েবসাইটে Institute Management System (IMS) ইউজার ম্যানুয়ালের সহায়তা নেওয়া যেতে পারে।

২৯-১০-২০২৪
প্রফেসর এ বি এম রেজাউল করীম

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়**
**কাজিপুর, সিরাজগঞ্জ।**
www.seo.kazipur.sirajganj.gov.bd

স্মারক নংঃ উমাশিঅ/কাজি/সিরাজ/২০২৪/২৭৬

তারিখঃ ০৪/১১/২০২৪ খ্রিঃ

উপর্যুক্ত পত্রের মর্মানুযায়ী মাউশি অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের (সরকারি/বেসরকারি স্কুল, স্কুল ও কলেজ এবং কলেজ) Institite Management System (IMS) মডিউলে তথ্য নির্ধারিত তারিখের মধ্যে হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হলো।

04.11.2024
(মোঃ আতিকুর রহমান)
উপজেলা একাডেমিক সুপারভাইজার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস
কাজিপুর, সিরাজগঞ্জ।

অধ্যক্ষ, প্রধান শিক্ষক
.............কলেজ,স্কুল এন্ড কলেজে, বিদ্যালয়
কাজিপুর, সিরাজগঞ্জ।

**"মাধ্যমিক ও উচ্চ মিক্ষা অধিদপ্তরের EMIS সফ্টওয়্যারে ইনস্টিটিউট ম্যানেজমেন্ট (IMS) মডিউল এ শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ ও স্কুল এন্ড কলেজ) Data Entry – করার জন্য প্রতিষ্ঠান প্রধানদের জন্য নির্দেশিকা। "**

প্রতিষ্ঠান প্রধানগণকে EMIS সফ্টওয়্যারে (www.emis.gov.bd) প্রতিষ্ঠানের ইউজার আইডি ও পাসওয়র্াড ব্যবহার করে লগ-ইন করে IMS মডিউল এর Data Entry মেন্যুতে প্রবেশ করে প্রতিষ্ঠানের (স্কুল, কলেজ ও স্কুল এন্ড কলেজ) সকল তথ্য প্রদান/হালনাগাদ করতে হবে।




চিত্র ১: EMIS Home page

EMIS সফ্টওয়্যারে লগ-ইন করতে ইউজার আইডি ও পাসওয়র্াড প্রদান করে "Login" বাটন এ ক্লিক করতে হবে।





চিত্র ২: Login window

ইএমআইএস  সফটওয়্যারের ভাষা হিসেবে  বাংলা/ ইংরেজি ব্যবহার করা যায়। নিচের চিত্রানুযায়ী ভাষা পরিবর্তন করা যায়।




চিত্র ৩: সফটওয়্যারের ভাষা / Language পরিবর্তনের উপায়

সঠিক ভাবে লগ-ইন সম্পন্ন হলে ইনস্টিটিউট ম্যানেজমেন্ট 'IMS' মডিউল এ প্রবেশের মেনুতে ক্লিক করুন।





চিত্র ৪: মডিউলসমূহের আইকন

"IMS" মডিউলে প্রবেশ করলে চিত্র ৫ এর মত "IMS" মডিউলের মেনুসমূহ প্রদর্শিত হবে।




চিত্র ৫: "IMS" মডিউলের বিভিন্ন মেনু




চিত্র ৬: বিভিন্ন মেনু

বাম পাশের একেকটি মেনুতে ক্লিক করলে একেক ধরনের তথ্য ছক আসবে। প্রত্যকটি মেনু ক্লিক করে করে সকল তথ্য প্রদান করতে হবে।




চিত্র ৭ : তথ্য হালনাগাদ/প্রদানের পর সেভ করতে হবে।

সকল তথ্য প্রদান শেষে "Save"বাটনে ক্লিক করতে হবে। প্রতিবছর সকল তথ্য নতুন করে হালনাগাদ/প্রদান করতে হবে। প্রত্যেকটি মেনুতে ঢুকে তথ্য দেওয়ার পর অবশ্যই "Save"বাটনে ক্লিক করতে হবে।

**বি: দ্র:**

১। **সফটওয়্যারে প্রবেশের লিঙ্ক:**

EMIS সফটওয়্যারে প্রবেশের লিংক: www.emis.gov.bd

২। **ইউজার আইডি ও পাসওয়ার্ড:**

প্রতিষ্ঠানের ইউজার আইডির হচ্ছে EIIN. কোন প্রতিষ্ঠানের EIIN যদি হয় 123456 তাহলে ইউজার আইডি হবে 123456

বর্তমান EMIS সফটওয়্যার মার্চ ২০২০ সালে চালু করার সময় সকল প্রতিষ্ঠানের জন্য ডিফল্ট পাসওয়ার্ড প্রদান করা হয়েছিল। যারা সেই পাসওয়ার্ড পরিবর্তন করেননি তারা সেই পাসওয়ার্ড ব্যবহার করে লগ-ইন করবেন এবং পাসওয়ার্ডটি পরিবর্তন করে নিবেন। আর যারা পাসওয়ার্ড পরিবর্তন করেছিলেন তারা পরিবর্তিত পাসওয়ার্ড ব্যবহার করে লগ-ইন করবেন।

ইউজার আইডি ও পাসওয়ার্ড ঘটিত সমস্যায় **আঞ্চলিক প্রোগ্রামার / জেলার সহকারী প্রোগ্রামারগনের** সাথে যোগাযোগ করুন।

**ইউজার আইডি:** সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের EIIN

**ডিফল্ট পাসওয়ার্ড:** 26031971 অথবা 12345678

** ইনস্টিটিউট ম্যানেজমেন্ট (IMS) মডিউল এ প্রতিষ্ঠানের তথ্য" প্রদান করার জন্য উপরের নির্দেশাবলী অনুসরণ করা যেতে পারে।

** তথ্য প্রদানের সুবিধার্থে www.emis.gov.bd ওয়েব লিংকে প্রবেশের পর প্রদর্শিত প্রথম উইন্ডোর user manual থেকে Institute Management System (IMS) দেখা যেতে পারে।

এ সংক্রান্ত বিষয়ে কোন পরামর্শের প্রয়োজন হলে প্রয়োজনে সংশ্লিষ্ট উপজেলা/ থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা কর্মকর্তা , আঞ্চলিক উপ-পরিচালক ও আঞ্চলিক পরিচালক এর সাথে যোগাযোগ করা যেতে

কারিগরি সমস্যার ক্ষেত্রে সংশ্লিষ্ট আঞ্চলিক প্রোগ্রামার / জেলার সহকারী প্রোগ্রামারগনের সাথে যোগাযোগ করুন। যে কোনো কারিগরি সমস্যা হলে সমস্যার বিস্তারিত বিবরণ লিখে (প্রতিষ্ঠানের নাম, EIIN, Mobile সহ) ims.emis.dshe@gmail.com -এই ঠিকানায় ই-মেইল করুন। এছাড়াও ইএমআইএস সেলের ফেসবুক পেইজে (www.facebook.com/emis.dshe) এ সংক্রান্ত সহায়তা পাওয়া যাবে।